দৈনিক ইত্তেফাক

তারিখ 16 APR 1992
পৃষ্ঠা ৮ কলাম ৫

03

# মেডিক্যাল কলেজে ভর্তির প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ

মেডিকাল রিপোর্টার ।। মেডিক্যাল কলেজসমূহে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ায় ছাত্র-ছাত্রীরা নগরীতে গত কয়েক দিন যাবৎ বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভা করিতেছে। গতকাল (বুধবার) সকালে ছাত্র-ছাত্রীরা বিক্ষোভ

( শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ )

## মেডিকেল কলেজে ভর্তি

( ১ম পৃঃ পর )

মিছিল বাহির করে। শেষে প্রেস ক্লাবে এক সমাবেশে মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা বাতিল কমিটির আহ্বায়ক সাজ্জাত হোসেনের সভাপতিত্বে শহীদুল্লা, তাছলিম, রিপন, লিপি, ডালিয়া ও বাবু বক্তব্য রাখেন। তাহারা বলেন, নগরীর দুইটি কোচিং সেন্টার প্রশ্নপত্র ফাঁস করিয়াছে এবং চড়া দামে বিক্রি করিয়াছে। অবিলম্বে এই ভর্তি পরীক্ষা বাতিল করিতে হইবে। এই পরীক্ষা বাতিল করা না হইলে মেধাবী ছাত্র-ছাত্রীদের প্রতি অবিচার করা হইবে।

উল্লেখ্য, গত ১০ই এপ্রিল ৮টি মেডিক্যাল কলেজে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। অভিযোগে প্রকাশ, ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপকের নিকট একজন ডাক্তার পরীক্ষার আগের রাত্রে ২টি প্রশ্নের উত্তর জানিয়া নেন। পরদিন ভর্তি পরীক্ষার সময় অধ্যাপক দেখেন যে, উক্ত ২টি প্রশ্ন হুবহু প্রশ্নপত্রে রহিয়াছে। গতকাল স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (মেডিক্যাল এডুকেশন) অধ্যাপক শামসুদ্দীন সিদ্দিকী বলেন, পরীক্ষা নেওয়ার আগের দিন সকল মেডিক্যাল কলেজে প্রশ্নপত্র প্রেরণ করা হইয়াছে। তাহার মতে প্রশ্নপত্র ফাঁস হওয়ার কোন সম্ভাবনা নাই। উল্লেখ্য ইতিপূর্বে বিভিন্ন সময়ে মেডিক্যাল ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ উত্থাপিত হইলেও কখনও ধরা পড়ে নাই।